



ঈদে প্রেক্ষাগৃহে আসছে পূজা চেরির নাকফুলের কাব্য



ঢালিউড অভিনেত্রী পূজা চেরি। সংগৃহীত ছবি

দীর্ঘ অপেক্ষার পর অবশেষে প্রেক্ষাগৃহে আসছে ঢালিউড অভিনেত্রী পূজা চেরি ও অভিনেতা আদর আজাদের জুটির সিনেমা ‘নাকফুলের কাব্য’। কোরবানি ঈদকে সামনে রেখে ছবিটি মুক্তির পরিকল্পনা করেছে প্রযোজনা প্রতিষ্ঠান বেঙ্গল মাল্টিমিডিয়া লিমিটেড।

দুই বছর আগে শুটিং শুরু হওয়া এ সিনেমা ২০২৪ সালেই সেন্সর ছাড়পত্র পেলেও নানা কারণে মুক্তি পায়নি। তবে এবার আর দেরি নয়—ঈদুল আজহাতেই দর্শকের সামনে আসছে ছবিটি।

মজার বিষয় হলো, পূজা-আদর জুটির প্রথম কাজ ছিল এই সিনেমা। যদিও এরই মধ্যে তাদের অভিনীত ‘লিপস্টিক’ ও ‘টগর’ মুক্তি পেয়ে দর্শকদের সাড়া ফেলেছে। তবু ‘নাকফুলের কাব্য’ ছিল তাদের একসঙ্গে প্রথম ক্যামেরার সামনে দাঁড়ানো প্রজেক্ট।

পরিচালক আলোক হাসানের এই ছবির নাম শুরুতে রাখা হয়েছিল ‘নাকফুল’। পরে একই নামে অন্য একটি চলচ্চিত্র নিবন্ধিত থাকায় সেন্সর বোর্ডের আপত্তিতে নাম পরিবর্তন করে রাখা হয় ‘নাকফুলের কাব্য’।

অভিনয়ে পূজা চেরি ও আদর আজাদের পাশাপাশি দেখা যাবে আলী রাজ, কাজী কানিজ, লুৎফর রহমান জর্জ, শিখা মৌ ও গাজী রাকায়তসহ আরও কয়েকজন পরিচিত মুখকে।

গ্রামীণ আবহে নির্মিত এ সিনেমার গল্প লিখেছেন ফেরারি ফরহাদ। এতে তুলে ধরা হয়েছে প্রভাবশালী শক্তির চোখ রাখানি উপেক্ষা করে টিকে থাকা এক গভীর প্রেম ও বিচ্ছেদের কাহিনি—যেখানে ভালোবাসা আর সংগ্রাম পাশাপাশি এগিয়ে চলে।